

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়

জিয়ানগর, পিরোজপুর।



নাগরিক সেবা বিষয়ক তথ্যাদি

অসীম সম্ভাবনার প্রতীক যুবদের তথ্য প্রযুক্তিগত জ্ঞান সমৃদ্ধ করে দক্ষ জনশক্তিতে রূপান্তরের মাধ্যমে দেশের উন্নয়ন ও উৎপাদন প্রক্রিয়ায় সম্পৃক্ত করার জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের মিশন ও ভিশন নিম্নরূপ :

অধিদপ্তরের ভিশন :- বাংলাদেশের উন্নয়ন ও গৌরব বৃদ্ধিতে সক্ষম, নৈতিক ও মানবিক মূল্যবোধ সম্পন্ন আধুনিক জীবন মনক যুব সমাজ।

অধিদপ্তরের মিশন :- জীবনের সর্ব ক্ষেত্রে যুবদের প্রতিষ্ঠার লক্ষে তাদের প্রতিভার বিকাশ ক্ষমতায়ন নিশ্চিত করা।

যুব উন্নয়ন অধিদপ্তর যেসব সেবা প্রদান করে তার বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হল :

প্রশিক্ষণ সংক্রান্ত সেবা সমূহ :

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম একটি অন্যতম গুরুত্বপূর্ণ কর্মসূচি। বেকার যুব সমাজকে দক্ষ মানস সম্পদে পরিণত করার লক্ষে যুব উন্নয়ন অধিদপ্তর সাধারণত উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক বা ডায়াম্যান প্রশিক্ষণ দিয়ে থাকে। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণে বেকার যুবক ও যুব নারীদের কোন প্রকার প্রশিক্ষণ ফি প্রদান করতে হয় না। যে সমস্ত ট্রেডে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হয় তা নিম্নরূপ :

ক্র: নং	প্রশিক্ষণের নাম	কোর্সের মেয়াদ	প্রশিক্ষার্থীর সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়স
০১	"হাঁস-মুরগী পালন" বিষয়ক প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	৭/১৪ দিন	৩০ জন	৮ম শ্রেণী	১৮-৩৫
০২	"গরু মোটাতাজাকরণ" প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	৭/১৪ দিন	৩০ জন	৮ম শ্রেণী	১৮-৩৫
০৩	"মৌলিক গোদাক ইঁদরী" বিষয়ক প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	২১ দিন	৩০ জন	৮ম শ্রেণী	১৮-৩৫
০৪	"বাটিক প্রিন্টিং" বিষয়ক প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	৭/১৪ দিন	৩০ জন	৮ম শ্রেণী	১৮-৩৫
০৫	"নকশী কাখা ইঁদরী" বিষয়ক প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	৭/১৪ দিন	৩০ জন	৮ম শ্রেণী	১৮-৩৫
০৬	"নার্সারী" বিষয়ক প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	৭/১৪ দিন	৩০ জন	৮ম শ্রেণী	১৮-৩৫
০৭	"পাটজাত পণ্য" ইঁদরী বিষয়ক প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	৭/১৪ দিন	৩০ জন	৮ম শ্রেণী	১৮-৩৫
০৮	"বেসিক ওয়েল্ডিং" বিষয়ক প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	৭/১৪ দিন	৩০ জন	৮ম শ্রেণী	১৮-৩৫
০৯	"ব্রক প্রিন্টিং" বিষয়ক প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	৭/১৪ দিন	৩০ জন	৮ম শ্রেণী	১৮-৩৫
১০	"ক্রিন প্রিন্টিং" বিষয়ক প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	৭/১৪ দিন	৩০ জন	৮ম শ্রেণী	১৮-৩৫

এছাড়াও স্থানীয় চাহিদার ভিত্তিতে ট্রেড নির্ধারণ করে প্রশিক্ষণ দেয়া হয়।

যোগাযোগের ঠিকানাঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, জিয়ানগর, পিরোজপুর।

যুব ঋণ কর্মসূচী :

যুব উন্নয়ন অধিদপ্তর সাধারণত তিন ধরনের ঋণ দিয়ে থাকে-

- ১। আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচি (ব্যক্তি ভিত্তিক ঋণ)
- ২। পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচি (গ্রুপ ঋণ)
- ৩। যুব উদ্যোক্তা ঋণ কর্মসূচি

আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচি (ব্যক্তি ভিত্তিক ঋণ) :- শুধু যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণের পর লাভজনক প্রকল্প গ্রহণকারীকে এ ঋণ প্রদান করা হয়। ব্যক্তি ভিত্তিক ঋণ আবার দুই প্রকার। যথা- প্রাতিষ্ঠানিক ঋণ ও অপ্রাতিষ্ঠানিক ঋণ।
প্রাতিষ্ঠানিক ঋণ :- প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণকারীর অনুকূলে যে ঋণ প্রদান করা হয় এবং যার পরিমাণ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা পর্যন্ত।

অপ্রাতিষ্ঠানিক ঋণ :- অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণকারীর অনুকূলে যে ঋণ প্রদান করা হয় এবং যার পরিমাণ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা থেকে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত।

পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচি (গ্রুপ ঋণ) :- পরিবারের সদস্যদের নিয়ে গ্রুপ গঠন করে এ প্রকারের ঋণ দেয়া হয়। পরিবারকে উন্নয়নের একক হিসাবে প্রাধান্য দিয়ে স্বকর্মসংস্থান সৃষ্টিই এ প্রকার ঋণ কর্মসূচির মূল লক্ষ্য। কর্মসূচির আওতায় ৫ জন সদস্য নিয়ে একটি গ্রুপ এবং ৪ থেকে ৬ টি গ্রুপ নিয়ে একটি কেন্দ্র গঠন করা হয়। প্রতি সদস্যকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) থেকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ঋণ সহায়তা দেওয়া হয়।

যুব উদ্যোক্তা ঋণ কর্মসূচি :- অধিদপ্তরের ঋণ সুবিধা গ্রহণ করে প্রশিক্ষিত যুবদের মধ্যে যারা সফল আত্মকর্মী হয়েছেন তাদের উদ্যোক্তায় পরিণত করার লক্ষে এ কর্মসূচির আওতায় ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা থেকে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। ঋণের সার্ভিস চার্জের পরিমাণ ৫% ক্রমহ্রাসমান। ঋণের অর্থ ৪৮ টি মাসিক কিস্তিতে পরিশোধ করতে হয়।

যুব সংগঠন রেজিস্ট্রেশন কার্যক্রম :- যুব উন্নয়ন অধিদপ্তরের উন্নয়ন সহযোগী হিসাবে যুব সংগঠনকে রেজিস্ট্রেশন দিয়ে থাকে।

যুব সংগঠনকে অনুদান প্রদান :- রেজিস্ট্রেশন প্রাপ্ত যুব সংগঠন সমূহকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক যুব কল্যাণ তহবিল হতে প্রতি বছর অনুদান প্রদান করা হয়।

জাতীয় যুব পুরস্কার :- যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণ পূর্বক আত্মকর্মসংস্থানে সফলতা অর্জন করেছে এমন প্রকল্প গ্রহণকারী যুবক ও যুব মহিলাকে জাতীয় পুরস্কার প্রদান করা হয়। তাছাড়া যুব সংগঠক যারা যুব উন্নয়ন কর্মকাণ্ডে অনন্য অবদান রাখেন তাদের মধ্য থেকে জাতীয় পুরস্কার প্রদান করা হয়।

বায়োগ্যাস প্রান্ট হ্রাপন :- এছাড়াও বায়োগ্যাস হ্রাপন প্রকল্পের কাজ চলমান রয়েছে।

তথ্য প্রদান :- যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল প্রকার সেবা কর্মকাণ্ডের তথ্য প্রদান করা হয়ে থাকে।

যোগাযোগের ঠিকানা : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, জিয়ানগর, পিরোজপুর। ৩০১৭২১-৭৫৯৩৬২